**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 19 May 2025** **TIME: 7:35 AM**

---

আসাম সরকারের উদ্যোগে চলতি বছরের ফেব্রুয়ারী মাসে গুয়াহাটীতে আয়োজিত এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের সফল রূপায়নের লক্ষ্যে গতকাল গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্র আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে বিনিয়োগ ও বিকাশের চুক্তিপত্র বিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে রাজ্য সরকার এবং বিনিয়োগকারীদের মধ্যে ২২ হাজার ৮শ ৯৯ কোটি টাকার চুক্তিপত্র বিনিয়োগ করা হয় । এই বিনিয়োগের ফলে রাজ্যে প্রায় ৬ হাজার নতুন কর্ম সংস্থানের সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা অনুষ্ঠানে অংশগ্রহণ করে তাঁর বক্তব্যে বলেন

রাজ্যে বিনিয়োগের লক্ষ্যে এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে ৫ লক্ষ ১৮ হাজার কোটি টাকার সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছিল । আজকের অনুষ্ঠানে ২০ টি প্রকল্পে বিনিয়োগের চুক্তিপত্র বিনিময় করা হয় । এরমধ্যে তিনটি ইথানল প্রকল্পের কাজ ইতিমধ্যেই আরম্ভ হয়েছে । দুহাজার ৮০০ কোটি টাকার তিনটি সিমেন্ট প্রস্তুত প্রকল্পের কাজও আরম্ভ করা হয়েছে । আসামে প্রথম পাম ষ্টোরেজ স্থাপন করার জন্য নেপকোর সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়েছে ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবানীর সংবাদ সেবা বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে । আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে হাইলাকান্দি এস এস কলেজের সহযোগী অদ্যাপক ডক্টর রূপম সেন আমাদের হাইকাকান্দি সংবাদদাতাকে জানান

---------বাইট ---------

---

শিলচর পৌর নিগমের নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে গত শনিবার শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে আয়োজিত সভায় পৌর নিগম নির্বাচনের বিভিন্ন দিক সহ ভোটার তালিকার চূড়ান্ত প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

**আজ ভাষা শহীদ দিবস । বরাক উপত্যকায়** একাদশ ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে আজ বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে পথ নাটক , স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে উনিশের চেতনা জাগ্রত করতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে ভাষা শহিদ দিবস ১৯শে মে-র প্রাক কালে গতকাল শিলচর বঙ্গভবনে উনিশের আবাহন শীর্ষক একটি অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে ১৯৬১ সালের ভাষা আন্দোলনে অংশগ্রহনকারী নিলীমা বিশ্বাস , প্রয়াতা সুমিত্রা ঘোষ , প্রয়াত মৃনাল কান্তি দত্ত বিশ্বাস এবং ১৯৭২ সালের ছাত্র ও যুব নেতা মকব্বর আলি ও সুব্রত দেবরায়-কে বিশেষ সংবর্ধনা জানানো হয়েছে । মৃনাল কান্তি দত্ত বিশ্বাস ও সুমিত্রা ঘোষকে মরনোত্তর সম্মাননা প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে আসাম বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ডক্টর শুভ্রা নাগ মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ।

বিকেলের বঙ্গভবনের সম্মুখে রাস্তা জুড়ে আলপনা আঁকা সহ সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

ভাষা শহীদদের শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের উদ্যোগে আজ শহরের বিভিন্ন স্থানে পথ নাটিকা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হবে । দুপুরে ভাষা শহীদ বেদীর পাদদেশ থেকে একটি র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে গিয়ে শেষ হবে ।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের সহকারী ডিভিশনাল বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শ্রীভূমি জেলার কায়স্থগ্রাম এলাকার রেল  ক্রসিং গেইট নম্বর থ্রি কে ডি-তে জরুরী ভিত্তিতে আগামীকাল রাত ১১টা থেকে বুধবার সকাল চারটা পর্য্যন্ত ডিপ ক্রিনিং ও ওভারহোলিং কাজ করা হবে । এর পরিপ্রেক্ষিতে আগামীকাল রাত ১০টা থেকে বুধবার সকাল চারটা পর্য্যন্ত ৮ নম্বর জাতীয় সড়কে করিমগঞ্জ ও পাথারকান্দির মধ্যে যান চলাচল বন্ধ -থাকবে । এই সময়সীমায় শ্রীভূমির দিক থেকে যাওয়া ভারী যানবাহন বাকরশাল বাইপাসের বাবা হোটেলের নিকটে এবং পাথারকান্দি দিক থেকে যাওয়া ভারী যান মৈনা বাইপাসে আটকে রাখতে শ্রীভূমি জেলা পুলিশ বিভাগ থেকে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার ময়দানের আউটফিল্ড ভিজা থাকায় নুর উদ্দিন আহমেদ সিনিয়র আন্তঃ জেলা ক্রিকেট প্রতিযোগিতার শ্রীভূমি ও বঙ্গাইগাঁও জেলা দলের মধ্যের তিনদিনের ম্যাচ আজ শুরু করা যায়নি। টসে জিতে প্রথমে ফিল্ডিং এর সিদ্ধান্ত নিয়েছিল বঙ্গাইগাঁও। কিন্তু খেলা শুরু হওয়ার আগেই পুনরায় বৃষ্টি নেমে আসায় আজ পুরো দিন খেলা করানো সম্ভব হয়নি। চা-বিরতির পর ম্যাচের দুই আম্পায়ার প্রথম দিনের খেলা  বাতিল বলে ঘোষণা করেন।